সংবাদ
24 MAY 2017

# রাবির হলে এইচএসসি'র খাতা : শিক্ষক ওএসডি

নিজস্ব বার্তা পরিবেশক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হল থেকে এইচএসসি পরীক্ষার ১০০টি খাতা উদ্ধারের ঘটনায় একজন সহকারী অধ্যাপককে দায়িত্ব থেকে সরিয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে।

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব আবু কায়সার খানের স্বাক্ষর করা এক পত্রে ওই শিক্ষককে ওএসডি করা হয়।

এ ব্যাপারে রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তরুণ কুমার সরকার বলেন, 'এ ঘটনায় জড়িত প্রধান অভিযুক্ত রাজশাহী নিউ গভ. ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) ড. আবুল কালাম। তাকে ওএসডি করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, ঢাকায় ন্যস্ত করা হয়েছে।'

মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে, ২৩ মে'র মধ্যে তিনি বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত হবেন। অন্যথায় আজ (গতকাল) অপরাহ্নে তিনি তাৎক্ষণিকভাবে অবমুক্ত বলে বিবেচিত হবেন।

এদিকে খাতা উদ্ধারের ঘটনায় অধ্যক্ষ হবিবুর রহমানকে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ওই কমিটি আগামী সাত দিনের মধ্যে তাদের তদন্ত প্রতিবেদন দাখিল করবে।